


স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.৯৯.০০০১.২৫.১১১৪

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ ব.  
১৪ অক্টোবর ২০২৫ খ্রি.

এনটিআরসিএ-এর ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি-২০২৫ এর আওতায় নিয়োগ সুপারিশকৃত  
১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ই-প্রত্যয়নপত্র (e-Certificate)  
প্রাপ্ত নিবন্ধনধারীদের প্রত্যয়নপত্র যাচাই সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় গৃহীত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ (প্রিলিমিনারি টেস্ট, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ) প্রার্থীদের বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ১০ অনুযায়ী শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হয়। এনটিআরসিএ ১ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০০৫ হতে ১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২০ পর্যন্ত চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) হতে মুদ্রিত কাগজে প্রত্যয়নপত্র প্রদান করেছে। সেবা প্রার্থীদের অর্থ, সময় ও শ্রম লাঘবের উদ্দেশ্যে এবং অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রদান করা হয়েছে। ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রাপ্ত প্রার্থীদের প্রত্যয়নপত্র সংক্রান্ত তথ্যাদি <http://ntrca.teletalk.com.bd/result/> লিংকে প্রবেশ করে অনলাইনে প্রার্থীর রোল ও ব্যাচ এর তথ্য দিয়ে যাচাই করা সম্ভব। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে তাঁর প্রতিষ্ঠানে নিয়োগ সুপারিশ প্রাপ্ত ব্যক্তির প্রত্যয়নপত্র সম্পর্কিত তথ্যাদি যাচাই করতে পারেন।

০২। ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রাপ্ত নিবন্ধনধারীদের প্রত্যয়নপত্র অনলাইনে যাচাই করা সম্ভব বিধায় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে এনটিআরসিএ-এর ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি-২০২৫ এর আওতায় নিয়োগ সুপারিশকৃত ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ই-প্রত্যয়নপত্র (e-Certificate) প্রাপ্ত নিবন্ধনধারীদের প্রত্যয়নপত্র যাচাইয়ের জন্য এনটিআরসিএ কার্যালয়ে প্রেরণ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(তাসনিম জেবিন বিনতে শেখ)  
পরিচালক (উপসচিব)  
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন  
এনটিআরসিএ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.৯৯.০০০১.২৫.১১১৪/১(৩)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ ব.  
১৪ অক্টোবর ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা  
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. জনসংযোগ কর্মকর্তা, মাননীয় উপদেষ্টার দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(বিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

(তাসনিম জেবিন বিনতে শেখ)  
পরিচালক (উপসচিব)  
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন  
এনটিআরসিএ, ঢাকা।